# নতুন রাজনৈতিক প্লাটফর্ম এনপিএ’র আনুষ্ঠানিক যাত্রা শুরু



সংগৃহীত ছবি

বাংলাদেশের রাজনীতিতে আত্মপ্রকাশ করেছে ‘নেটওয়ার্ক ফর পিপলস অ্যাকশন (এনপিএ)’। শুক্রবার (১৬ জানুয়ারি) বিকেল ৪টায় রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে প্লাটফর্মটি।

‘জনগণের শক্তি, আগামীর মুক্তি’ স্লোগানকে সামনে রেখে এনপিএ পাঁচটি মূলনীতিতে কাজ করবে—গণতন্ত্র, সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক ন্যায়বিচার ও প্রাণ ও প্রকৃতির সুরক্ষা। তারা সকলকে ঐক্যবদ্ধ হয়ে জনগণপন্থি শক্তি গঠনের আহ্বান জানায়।

এনপিএর লক্ষ্য রাজনীতিতে ক্ষমতার বিকেন্দ্রীকরণ, রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে জনগণের সেবায় ফিরিয়ে আনা এবং স্বনির্ভর, জনকল্যাণকেন্দ্রিক অর্থনীতি গঠন। কৃষি, শিল্প ও করব্যবস্থায় পরিবর্তন আনার পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান ও সামাজিক নিরাপত্তাকে মৌলিক অধিকার হিসেবে নিশ্চিত করা হবে।

পরিবেশ ও জলবায়ু সংকট মোকাবিলা, নদী ও বন রক্ষা এবং টেকসই উন্নয়নের মাধ্যমে একটি বাসযোগ্য বাংলাদেশ গড়ার প্রতিশ্রুতিও এনপিএ দিয়েছে। তারা দুর্নীতি, লুটপাট ও সিন্ডিকেটনির্ভর ব্যবস্থার বিরুদ্ধে অবস্থান নিয়েছে এবং জনগণের কল্যাণকে কেন্দ্রে রেখে নীতি প্রণয়নের অঙ্গীকার করেছে।